

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম
(স্থানীয় সরকার শাখা)
তথ্য বাতায়ন : www.chittagong.gov.bd

স্মারক নং : ০০.২০.১৫০০.৪২.০১.৩২.২০১৭-০৬

তারিখ : ০২/০১/২০১৭ খ্রি. ।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ অধিশাখার স্মারক নং ৪৬.০৮.০২২.০০.০০.০১০.২১১ (অংশ-২)-৭০৪ তাং ২৮/১১/২০১৬ খ্রি. মূলে জারীকৃত ছাড়পত্রের শ্রেণিতে চট্টগ্রাম জেলাধীন ইউনিয়ন পরিষদসমূহের সচিব এবং হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর এর শূন্য পদ পূরণ এবং প্যানেল তৈরীর লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকুরির আবেদন মডেল ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

“ পদের নাম ও বিবরণ ”

ক্র/নং	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতনস্কেল, ২০১৫ খ্রি.	শিক্ষাগত যোগ্যতা
১	ইউনিয়ন পরিষদ সচিব	৪ (চার) টি	১০২০০/- - ২৪৬৮০/- টাকা তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% বেতন প্রাপ্য হবে)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী (কম্পিউটার জানা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে) ।
২	হিসাব সহকারী কাম- কম্পিউটার অপারেটর	৬৬ (ছেষাট্টি)	৯৩০০/- - ২২৪৯০/- টাকা তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% বেতন প্রাপ্য হবে)	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অনূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং (গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ ।

শর্তাবলী :

- প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- নির্ধারিত আবেদন ফরমটি চট্টগ্রাম জেলার ওয়েব সাইট (www.chittagong.gov.bd) এর নোটিশ বোর্ডে এবং জনপ্রশাসন মন্ত্রণালয় এর ওয়েব সাইটে (www.mopa.gov.bd) পাওয়া যাবে।
- প্রার্থীর বয়স ৩১/০১/২০১৭খ্রি. তারিখে ১৮ বছর হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সন্তান/প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে ফোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীকে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবীর সীল স্বাক্ষরসহ) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদ, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি এবং সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্র আগামী ৩১/০১/২০১৭ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (বিকাল ৫.০০টার মধ্যে) ডাকযোগে অথবা সরাসরি জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম এর জেলা ই-সেবা কেন্দ্রে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্রের সাথে (ক) সোনালী ব্যাংক লি: যে কোন শাখা হতে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরত যোগ্য) জেলা প্রশাসক, চট্টগ্রাম এর অনুকূলে জমা দিতে হবে। (খ) রেজিষ্টারসহ ডাকের জন্য ১০ (দশ) টাকার ডাক টিকেট মুক্ত ১০' X ৪.৫' সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে। খামের উপরে ডান পার্শ্বে প্রার্থীর ডাক যোগাযোগের ঠিকানা (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক) লিখতে হবে।
- চাকুরিরত প্রার্থীগণ অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে পারবেন। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না। এ ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য নহে।
- বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনির ক্ষেত্রে প্রার্থীর আবেদনপত্রের সাথে তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতীস্বাক্ষরিত) এর ফটোকপি; যা

- ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবীর সীল স্বাক্ষরসহ) কর্তৃক সত্যায়িত সংযুক্ত করতে হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।
- ৯। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কিংবা কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগাদেশ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১০। একজন প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করতে পারবে না। খামের উপরে পদের নাম মোটা অক্ষরে লিখতে হবে।
- ১১। কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। কোটার ক্ষেত্রে প্রার্থীকে তার সংশ্লিষ্ট কোটা খামের উপর লিখতে হবে। (শারীরিক প্রতিবন্ধী/এতিম/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আনসার ও ডিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে)।
- ১২। প্রার্থীকে নির্বাচনী (লিখিত, মৌখিক ও ব্যবহারিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকযোগে প্রবেশ পত্র প্রেরণ করা হবে। পরীক্ষা বা সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টি,এ /ডি,এ প্রদান করা হবে না।
- ১৩। কর্তৃপক্ষ অনিবার্য কারণে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, পদসংখ্যা কম বা বেশি, সময় পরিবর্তন বা বাতিল এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাবলী সংশোধন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্তাবলী অক্ষুর থাকবে।

১৩/১১/১৬/০২/০১/১৭

(মো: সামসুল আরেফিন)

জেলা প্রশাসক
চট্টগ্রাম

ফোন : ০৩১-৬১৯৯৯৬, ৬২১০০২

ফ্যাক্স : ০৩১-৬৩৫২৭২, ৬২০৫৭০

ই-মেইল: dcchittagong@mopa.gov.bd

স্মারক নং : ০০.২০.১৫০০.৪২.০১.৩২.২০১৭-০৬

তারিখ : ০২/০১/২০১৭ খ্রি।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৫। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৬। জেলা প্রশাসক ----- (সকল)
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম।
- ৮। পুলিশ সুপার, চট্টগ্রাম।
- ৯। সিভিল সার্জন, চট্টগ্রাম।
- ১০। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, ----- (সকল), চট্টগ্রাম।
- ১২। সহকারী প্রোগ্রামার, জেলা ই-সেবা কেন্দ্র, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম। তাকে বিজ্ঞপ্তি এবং মডেল আবেদন ফরমটি ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
- ১৩। সম্পাদক, দৈনিক আজাদী, চট্টগ্রাম। তাকে বিজ্ঞপ্তি ০১ (এক)দিনের জন্য ভিতরের পাতায় ১০ ইঞ্চি X ৩ ইঞ্চি কলাম সাইজে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৪। অফিস কপি/ নোটিশ বোর্ড।

(মো: সামসুল আরেফিন)

জেলা প্রশাসক
চট্টগ্রাম

ফোন : ০৩১-৬১৯৯৯৬, ৬২১০০২

ফ্যাক্স : ০৩১-৬৩৫২৭২, ৬২০৫৭০

ই-মেইল: dcchittagong@mopa.gov.bd

৫ X ৫ সে. মি.
ছবি
(সম্প্রতি তোলা তিন কপি)

চাকরির আবেদন ফরম

বরাবর,

জেলা প্রশাসক
চট্টগ্রাম।

১	পাসের নাম :										
২	বিজ্ঞপ্তির নম্বর :					তারিখ :					
৩	প্রার্থীর নাম										
	বাংলায় :					ইংরেজিতে (বড় অক্ষরে) :					
৪	জাতীয় পরিচয় পত্র নম্বর :										
	জন্ম নিবন্ধন নম্বর :										
৫	জন্ম তারিখ : দি ন মা স ব ৯ স র ৬. জন্মস্থান (জেলা) :										
৬	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স :		 বছর		 মাস		 দিন	
৭	মাতার নাম :										
৮	পিতার নাম :										
৯	ঠিকানা			বর্তমান				স্থায়ী			
	বাসা ও সড়ক (নাম/নম্বর) :										
	গ্রাম/পাড়া/মহল্লা :										
	ইউনিয়ন/ওয়ার্ড :										
	ডাকঘর :										
	পোস্টকোড নম্বর :										
	উপজেলা :										
জেলা :											
১১	যোগাযোগ			মোবাইল :			ই-মেইল (যদি থাকে) :				
১২	জাতীয়তা :				১৩	লিঙ্গ :					
১৪	ধর্ম :				১৫	পেশা :					
১৬	শিক্ষাগত যোগ্যতা :										
	পরীক্ষার নাম		বিষয়		শিক্ষা প্রতিষ্ঠান		পাসের সন		বোর্ড/বিশ্ববিদ্যালয়		শ্রেণি/বিভাগ
১৭	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) :										
১৮	অভিজ্ঞতার বিবরণ (প্রমোজ্য ক্ষেত্রে) :										
১৯	কোটা (টিক দিন)		মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা				এতিম/শারীরিক প্রতিবন্ধী				
			স্বল্প নৃ-গোষ্ঠী		আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য		অন্যান্য (উল্লেখ করুন)				
২০	চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর :					তারিখ :					
ব্যাংক ও শাখার নাম :											
২১	বিভাগীয় প্রার্থী কি না (টিক দিন)										
আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সস্বর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।											
তারিখ :					প্রার্থীর স্বাক্ষর						